

# মার্টিন প্লেসে'র জাতীয় মঞ্চে বাংলাদেশী রান্না

আনিসুর রহমান

অষ্ট্রেলিয়ায় প্রতিবছর মে মাসে অনেকে নিজ নিজ কর্মস্থলে সকালের নাস্তার আয়োজন করে থাকেন। উদ্দেশ্য ক্যান্সার গবেষণার জন্য অর্থ সংগ্রহ করা। তেমন বড় ধরনের আয়োজন নয়। কিছু বিস্কিট, কয়েক ফালি কেক এবং চা বা কফি। সহকর্মীরা দুই এক ডলারের বিনিময়ে এসব খেয়ে থাকেন আর সংগ্রহীত অর্থ জমা হয় নিউ সাউথ ওয়েলস ক্যান্সার কাউন্সিলের তহবিলে। সারা দেশ ব্যাপী এই সব ক্ষুদ্র ক্ষুদ্র বালি কণা আর বিন্দু বিন্দু জল জমিয়ে গত বছর সংগ্রহীত হয়েছে দশ মিলিয়ন ডলার! বাইশ মিলিয়ন মানুষের

দেশে এটা একটা উল্লেখযোগ্য ঘটনা। এই মহতী প্রচেষ্টার নাম Australia's Biggest Morning Tea. এ ব্যাপারে অষ্ট্রেলিয়ায় বসবাসরত বাংলাদেশীরাও পিছিয়ে নেই। নিজ নিজ কর্মক্ষেত্রের বাইরেও একটি সচেতন কমিউনিটি হিসেবে এই প্রচেষ্টায় অংশগ্রহন করেছে বাংলাদেশীরা। সিডনির পশ্চিম অঞ্চলিয় সাবার্ব, হ্যাসেলগ্রোভ নিবাসী ডঃ আব্দুল হকের উদ্যোগে “গুড মরনিং বাংলাদেশ” নামে একটি সকালের নাস্তা-অনুষ্ঠান ব্লাকটাউনে আয়োজিত হয়ে আসছে গত এগারো বছর ধরে! ২০০৯ সাল থেকে ডঃ



ডঃ আব্দুল হক

আব্দুল হক এর উদ্যোগে গঠিত, বাংলাদেশ ফোরাম ফর কমিউনিটি

এনগেজমেন্ট নামে একটি সংগঠন অনুষ্ঠানটির আয়োজন করছে। ২০০৬ সাল থেকে গ্লেনফিল্ড এবং গত বছর থেকে ল্যাকেস্মাতেও আয়োজিত হচ্ছে এই অনুষ্ঠান। সংগ্রহীত হয়েছে একচল্লিশ হাজার পাঁচশত চুরাশি (\$41,584) ডলার। এই সাফল্য ক্যান্সার কাউন্সিলের দৃষ্টিগোচর হয়েছে। Australia's Biggest Morning Tea তে কমিউনিটি হিসেবে অংশগ্রহনের এই উদ্যোগ আমাদের আগে কেউ নেয় নি। এর স্বিকৃতি স্বরূপ এ বছর Australia's Biggest Morning Tea এর যাত্রা শুরু (launching) অনুষ্ঠানে বিশেষভাবে আমন্ত্রণ জানানো হয়েছে বাংলাদেশ কমিউনিটিকে। আমাদের কমিউনিটিকে দৃষ্টান্ত হিসেবে তুলে ধরে বহুজাতিক অষ্ট্রেলিয়ার অন্যান্য কমিউনিটিকে উদ্বুদ্ধ করাই এর উদ্দেশ্য। আগামী ১৩ই এপ্রিল, বুধবার, সিডনী সিটির কেন্দ্রস্থল, মার্টিন প্লেসে'র মুক্ত মঞ্চে সিডনী সিটি কাউন্সিলের পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত হবে এই লক্ষিৎ প্রোগ্রাম। দেশের অনেক বিখ্যাত শেফ এর পাশাপাশি জনপ্রিয় টিভি প্রোগ্রাম “মাস্টার শেফ” এর কিছু পরিচিত মুখও দেখা যাবে এই অনুষ্ঠানে। তারা অন্যান্য খাবারের সাথে বাংলাদেশেরও কিছু খবার রান্না করবেন মঞ্চে, সবার সামনে। অষ্ট্রেলিয়ার ক্রিকেট দল যখন বাংলাদেশে 3rd ODI খেলছে তখন মার্টিন প্লেসে'র জাতীয় মঞ্চে রান্না হচ্ছে বাংলাদেশী খাবার! আমাদের ছোট্ট কমিউনিটির জন্য এটা বিরল সম্মান। এই স্বিকৃতি প্রত্যক্ষ করতে যারা সিডনী সিটি সেন্টারের আশেপাশে কাজ করেন অন্ততঃ তাদের সকলকে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানিয়েছেন ডঃ আব্দুল হক এবং বাংলাদেশ ফোরাম ফর কমিউনিটি এনগেজমেন্ট সভাপতি ডঃ আয়াজ চৌধুরী।

**ভুলবেন না - মার্টিন প্লেস, ১৩ই এপ্রিল ২০১১, বুধবার - সকাল ৮টা থেকে সকাল সাড়ে ৯টা।**